

অস্ট্রেলিয়া যুবলীগের উদ্যোগে সিরাজদিখান-শ্রীনগরে বন্যা পরবর্তী ত্রান বিতরন

'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য' অস্ট্রেলিয়া যুবলীগের উদ্যোগে সিরাজদিখান-শ্রীনগরে বন্যা পরবর্তী ত্রান বিতরন। জীবন জীবিকার তাগিদে কিংবা উচ্চতর শিক্ষার জন্য বাংলাদেশ থেকে অনেকে প্রবাসে পাড়ি দিয়েছেন। বাবা-মা, ভাই-বোন, আত্মীয় পরিজন ছেড়ে প্রবাসে কাটাচ্ছে দিন। কিন্তু মাতৃভূমির প্রতি মায়া একটি মুহুর্তের জন্যও তাদের ছেড়ে যায়নি। দেশের সবুজ প্রান্তর, নীলাকাশ তাদের ডাকে। সেই ডাকে সাড়া দেয়ার জন্য, দেশের জন্য, দেশের অভাবী, দুর্যোগে আক্রান্ত মানুষের জন্য তাদের ভিতর হাহাকার করে উঠে। সে হাহাকারকে আনন্দে, সুখে পরিণত করার জন্য প্রবাসেই গড়ে তুলেছে রাজনৈতিক-সামাজিক সংগঠন। দেশের মানুষের জন্য বিভিন্ন উন্নয়নমূলক কাজের উদ্যোগ, বন্যার্তদের জন্য সহায়তার হাত বাড়িয়ে দিচ্ছে তারা। দেশের উন্নয়নে নিবিড়ভাবে জড়িয়ে রেখেছে নিজেদের। এমন হাজারো নজির রয়েছে।



গত ১৬ অক্টোবর ২০০৭ সকাল ১১টায়, মুন্সীগঞ্জের সিরাজদিখান-শ্রীনগর উপজেলার রাজানগর ইউনিয়নের সৈয়দপুর বাজার, শ্রীনগর বাজার ও রাজানগর ইউনিয়ন পরিষদে বন্যাঙ্গ ক্ষতিগ্রস্থ মানুষের মাঝে পাচ টন ত্রান বিতরন করেছে অস্ট্রেলিয়া যুবলীগ। ত্রান বিতরনের আয়োজন করেন অস্ট্রেলিয়া যুবলীগের সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় যুবলীগের সহ-সম্পাদক আব্দুল্লাহ আল নোমান শামীম। এ সময় উপজেলা চেয়ারম্যান মহিউদ্দিন আহমেদ, কেন্দ্রীয় যুবলীগের সহ-সম্পাদক

আব্দুল্লাহ আল নোমান শামীম, ১,২,৩, ওয়ার্ডের ইউপি সদস্য শিল্পি বেগম, ৪,৫,৬, ইউপি সদস্য ফেরদৌসি আক্তার, ইউপি সদস্য আব্দুল মান্নান, সদস্য আব্দুল আওয়াল, এলাকার গণ্যমান্য ব্যক্তি বর্গসহ আওয়ামীলীগের অন্যান্য অঙ্গ সংগঠনের নেতা কর্মীদের উপস্থিতিতে, বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে ত্রাণ বিতরণ কার্যক্রমটি সম্পাদান করা হয়। উদ্যোগটি সাফল্যমন্ডিত করে তোলে সিরাজদিখানের তারুন্য নির্ভর প্রখ্যাত সংগঠন গ্রাম-বাংলা এবং হাসান মোঃ সোহেল ও সাকিবর সিকদার। এমন উদ্যোগে বন্যার্তদের মাঝে একফালি সুখের হাসি ফুটে উঠে। আনন্দের ছটা ভেসে উঠে তাদের চোখে। অস্ট্রেলিয়া যুবলীগের কার্যক্রমে ভূপেন হাজারিকার সেই পুরোনো গানটি আজও নতুন করে হৃদয়ে বেজে উঠে, “মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য, একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না”। আমাদের সবার মাঝেই জেগে উঠুক, মানবতাবোধ।